

প্রেম-রহন্য।

ক্রিরু,যোগ, জ্ঞানযোগ, লঙভগু যবে। প্রেমযোগ, যোগাযোগ, নির্মাল তবে॥

রি, মিত্র।

প্রেম-রহস্য।

ঐবিহারীলাল মিত্র

প্ৰণীত !

কলিকাতা।

প্রেম-রহস্য ়া

শাশান মশান গায়ে ছাই, তবে পাই প্রেমরে ভাই, দর্শন পুরাণ স্মৃতি ছাই, কালে এটা ওটা সবই চাই কারে কবহে রহস্ত ভাই,

কিন্তু লীলা তাই তাই।

প্রথম পরিচ্ছেদ।



চণ্ডাল-গ্রাম।

কৌন সময়ে মহানিধির কিঞ্জিয়াত্র দূরে একটা গ্রাম ছিল, তথায় অনেক চণ্ডাল একত্র বাস করিবার কাশণ উহা চণ্ডাল গ্রাম বলিয়া কথিত হইত । চণ্ডালগ্রামটী পক্ষী চক্ষু দৃণ্যুঠে বড় মন্দ নয়। থরে থরে যেথা সেথা বৃহৎ বৃহৎ বৃক্ষ হতদিনের পরিচয় দিত। মধ্যে মধ্যে অনেক পর্ণকুটীর, কিন্তু সমৃত্ত পর্ণকুটীরের সমুখ দেয়াল ষোড়শীর অঙ্গুলির ভারা নানাবর্ণে চিত্রিত। চালের মট্কাতে মাথার গুলি ও কিনারাতে ফেলা

প্রায় কোল গোঁত গোঁত করিত। রাস্তা এ কা বাঁকা। ঘেঁটু, আকন্দ ও সজন' ফুল আমোদিনীদের জামোদ দিত।

भिष्ठिनिमिशानिषी. शांवनिक् मारेखित्रो, এमामिरयमनः থিয়েটার, গার্ডন, কলেজ, ডিম্পেন্সারি, হসপিটেল, বাজার, ঘাট, ও মন্দির সমস্তই অভাব ছিল। কিন্তু একটি পঞ্চাত এই পব্ তুঃখকে মোচন করিয়া গ্রামবাসীদিগকে আনন্দ দিত। চিন্তামনি দর্দার এই পঞ্চাতের নায়ক। সে হুফ্টপুক্ট ও বলিষ্ঠ ছিল, তার রং আঁস্তাকুড়ের হাঁড়ি অপেক্ষা এক পোঁচ বেশী। পায়ের ও হাতের গঠন এবড়ো খেবড়ো, কেঁচোর মতন সমস্ত শির সজ্জিত, পেট কুকুরে খেলে গেছে, বুক বিশাল এমন কি মধ্যে নৌকাচলে, কাঁধ উয়ের ঢিপি, গলা মোটা, কিন্তু রেখা সমন্নিত, ঠোঁট উলটান ও পুরু, যেন কাফরি, চিনবাসীর মতন নাক থেবড়া ও চক্ষু গোল, কপাল বিস্তৃত বেন দার্শনিক, কেশ-রীর কেশরের মত কেশ লম্বা, অন্দি হোল, মোট কথা,— विधि (यन निर्व्छात वर्ष्म श्रिष्ठाराइन। हिस्त्राभाने मन्त्रांत वरन শিকার করিয়া দেন কাটাইত, এবং রাত্রিতে কাত্লা মারিয়া, লুঠন করিয়া আনন্দ করিত। সে একদিন দাওয়ার উপর বসিরা চিন্তা করিতেছে, এনন সময়ে একজন গ্রামবাসী আসিয়া খবর क्रित्न, भर्मात ! त्कलारविंग आमात्र स्मारात छेशत अज्यानात्र করেছে, শুখন সে বনের ভিতর কাঠ্ আন্তে গেছল, তার মাণা নিতে হবে, আর তা নাহলে আমিই এক কাঁড় দিব।

সদ্দার বলিল,—তোর কিছু কর্তে হবে না, আমিই স্ব্ কর্বো, তুই ঘরে যা, প্লবশু আসিস্, ভুর্লিস্নি। •হরিয়া নাটিতে ফিরিয়া গেল।

চিন্তামনি একজনকে ডাকিয়া বলিল,— অবৈ, কেলেকে পরশু আস্তে বলিস্। সে হরিয়ার মেয়ের উপর কি করেছে? সে উত্তর করিল, আমি কিছুই জানি না; আমি খবর দিইগে। এই বলিয়া সে খবর দিতে গেল।

চিন্তামনি সন্ধারও নিজ চিন্তাতেই নগ রহিল।

ৰিতীয় পরিচ্ছেদ।

পঞ্চাত।

চণ্ডালগ্রাশার ভিতর প্রণাত কুটারটা অন্য সব্ কুটার
মণেকা বহৎ এবং ইহার মট্কা বহুদ্র হাতে নজর হয়।
মুশুখের দেয়াল যোড়শীদের ঘারায় চিত্রিত না হইয়া, যুবক
রন্দের ঘারায় হইয়াছিল। বন্য পশু ও নানারকম অন্ত্রশন্ত্র
দেয়ালে নানারংয়ে অক্ষিত ছিল। মট্কাতে ও কিনারাতে
অন্য কুটার অপেকা মাথার পুলি ও ভোঁতা অপ্রসন্ত্র বেশী ছিল।
চিন্তামনি সন্দার ও আর চারিজন সন্দার আসিয়া উপস্থিত
হইল। ক্রমে ক্রমে অনেক লোক জমীয়াত হইল। বাদী ও

প্রতিবাদী আসিল। পঞ্চাত কুটীরে এক্টুও স্থান ফাঁক রহিল
না। কিন্তু কোন গোল্মাল্নাই, ফুস্ডুস্ও ইশারা ব্যতীত
আর কিছুই শোনা ও দেখা ষায় নাই। বৃদ্ধার ও বালিকার
অভাব ছিল না। সভাব যেন দয়া করিয়া উহাদিগকে রামচক্র
সভার সভ্যতা শিক্ষা দিয়াছিলেন। নাইন্টান্ত সেন্চুরির
সভ্য বাঙ্গালী বাবুরা, বোধ হয়, এই রকম সভ্যতা বিবাহে,
শ্রাদ্ধে ও বাটীতে উৎসব উপলক্ষে দেখাইতে পারেন কিনঃ
সন্দেহ।

• চিন্তামনি সদার জিজ্ঞাসা করিল, হাঁরে কেলে, তুই হরি-য়ার মেয়ের উপয় অভ্যাচার করেছিস্, যখন সে বনে কাঠ্ আান্তে গেছ্ল ৯

.. কেলে উত্তর দিল, সর্দার! যখন তাকে বনের ভিতর দেখলুম্, তথন মনের ভিতরটা কেমন কর্লো। অমনি আর সইতে
না পেরে ধরলুম্, সেওত্ কিছু বল্লে না। তা সর্দার, আমি
বিশ্নে কর্বো। হরিয়ার মেয়ে কি বলে, সে বিয়ে কর্তে
রাজী আছে?

ি চিস্তামনি সদার। শ্যামকি ! তুই কেলেকে বিয়ে কর্বি, তার বয়স কত ?

শ্যামকী বলিল। হাঁ সদীর, আমি কেলেকে বিয়ে কর্বো, আমার বয়স চার্ গণ্ডা।

ি চিন্তামনি সন্দার। হাঁরে হরিয়া, তোর মেয়ে কেলের

্ সক্তে নিজে নচ্পচে হয়েছে, তোর মেয়ে বিয়ে কচর্ত্ত রাজী আছে, তোর মেয়ে ডাগর হয়েছে, তুই কি বক্তিন্ত্

. হরিয়া বলিল। কেলে আমায় না বলে, কেন এমন কাণ্ডটা কর্লে? আমায় কতলোক কত কথা বল্ছচ্, তা সদ্ধির, কেলেকে সাজা দিতে হবে।

চিন্তামনি সর্দার ৷ কেলে তোর মেয়েকে ভাল বাসে, তোর মেয়েও কেলেকে ভালবাসে, তুই ও যে জাত কেলেও সে জাত, তোর মেয়েও কুচ্কুচে কাল, কেলেও কুচ্কুচে কাল, ভোর মেয়েও তাগর, কেলেও ডাঁগর, তোর মেয়ে কি জানে ?

হরিয়া উত্তর করিল। শামকী সব্ জানে, জল আন্তত্ত পারে, বন থেকে কাঠ্ আন্তে পারে, রাধ্তে পারে, পোর মার্তে পারে। সদ্ধির। শামকীর কথা আর কি বল্কো, সৈদিন যখন আমি মালার মাঠে একটা কাত্লা মারলুম্, শামকী আমার সাথে ছিল, সে অমনি পা ধরে টেনে নিয়ে এসে কেল্লে। তখন কাত্লা হা করে বল্লে, জল, অমনি শামকী একমুটো শুক্নো বালি মুখের ভিতর দিলে। কাত্লাও অমনি চিতিয়ে পড়লো।

চিন্তামনি পদ রি। তোর্শ্যামকীতো খুব্ মেয়ে। তা কেলে তোকে না বলে তাকে বিয়ে করেচে, তার দক্ত একটা শোর দিবে, আর শ্যামকীর গুণের দ্র্ণ চার্টে দেবে। কেমনরে হ্রিয়া, ঠিক্ হয়েছে তোঃ? হরিরা। আর আর দর্দারের বাবাবল্বে তাই হবে।
চারিজন সর্জরের বলিল। চিস্তামনি ভায়া বা করেছে, তা
ঠিক্ হয়েছে।

কেলে ও শার্যামকীর পঞ্চাত কুটীরের ভিতর বিবাহ হইল, এবং তার্মপর সকলে যে যার স্থানে প্রস্থান করিল।

ভৃতীয় পরিচ্ছেদ।

मानान।

চণ্ডালগ্রামের অস্তে এক শাশান। তিন্ চার্ ক্রোশ ব্যবখাবের লোক ঐ শাশানে শবদাহ করিতে আসিও। শাশানটী
অতি প্রাচান, বহুদিন হইতে কিম্বদন্তী আছে যে, শাশানের
নিকট যে এক মহাবটর্ক্ত আছে, উহাতে ভূত আছে। ভূতের
উপদ্রেরের দরুণ ভূই চারিজন কেইই রাত্রিকালে শবদাহ করিতে
যাইত না। শাশানের মালিক এক র্দ্ধ চণ্ডাল। প্রেমিকা
ব্যতীত উহার ঝার অন্য সন্তান্ সন্ততি ছিল না, ইহার কারণ
প্রেমিকাকে পেমী বলিয়া ডাকিত। পেমী পুরুষের মত লম্ব:
চণ্ডা, রং ডিমার্টিন কালী অপেক্রা কিছু উঁচু। পা রাবণ রাজার
মতন, কিন্তু এঁকা বেঁকা শিরের খাত্তিরে আরও উৎকৃষ্ট ছিল।

9

ধানের ছালা, বুক পাঞ্জাবি পালোয়ানের মতন বিশাল, কাঁধ বুষের মন্ত উচ্চ, গলা সিংহের মত মোটা। 🕹 বুক বার করা, ঠোঁট উলটান, দাঁত মিশির দরুণ দেখের রংকে ঝক মেরেছে। নাক ছোট, চোক কুটুরেপেঁচা, কান বড় ও পুরু, ভিটে ধাপার মাঠ, মাথা ছোঁট, কিন্তু কোঁকড়া কোঁকড়া ছোট ছোট চুলের কারণ অঁতি শোভাযুক্তা। মোট কথা, জলধর ও জগদন্বা প্রেমীর কাছে বালক বালিকা। পেমার বাসস্থান ও বড় ফ্যাল্না নয়. সাম্নে অনেক শুকর গোঁদগোঁদ করে। দেয়ালের রং বেরংয়ের চিত্রের ভিতর থেকে সাদামানিক উকি মারে। মটুকা উড়ে গেছে। চালের ভিতর দিয়া, লাল মানিক ঘরের ভিতর যাইয়া খেলা করে। মড়ার খুলি, চিতা নিবাইবার কলসী, মড়ার খাট ও কেঁথা ঘরের আসবাব হয়। ঘরের দাওয়াতে বেহিসাবি র্বকমের মড়ার আধপৌড়া কাঠ ছড়ান। বড় মজার কথা, এই কাষ্ঠই, পেমীর বলির কাষ্ঠ হয়। বাণের বেশী বয়সের কারণ নিজেই ঘাটের কাজ করে, দান লইতে পেমীর মত আর কৈহ প্রায় নাই, মড়ার উপর কথার থাড়ার বা দিতে খুব্ মজ্বুত্। সময়ে সময়ে আবার মহাবটবৃক্ষের ডালে পা ঝুলাইয়া বসিয়া ভূত হয়। পেশীর গুণ অনেক, দয়া কাকে বলে তা স্বপ্নেও জানে না। মাঝে মাঝে স্থবিধা পেলেই কাত্লা নেরে দিনগত পাপক্ষয় করে। পেমী রাত্দিন পুরুষের সঙ্গে একতে বাস করে, কিন্তু কোন পুরুষকে খারাপ্ ভাবে দেখেনা। প্রেম ⊱

ভা পেনা কিছুই জানে না। ষদিও পূর্ণ যৌবনা তত্রাচ ইন্দ্রিয়ের কোন ,উদ্রেক শৃই, নিজ ব্যবসাতেই ব্যতিব্যস্ত হয়ে দিন কাটায়।

পেশীর বাদস্থানের নিকট একটা শ্মশানেশরের মন্দির
আছে, প্রতিদিন পেশা শ্মশানেশরের মাণায় জল ঢালে এবং
কুলের স্থবিধা পাইলেই আকন্দ, ঘেঁটু ও চাঁপা দিয়া সাজাইয়া
থাকে। যে দিন ঘাটে বেশী লাভ হয়, কিম্বা কাত্লা
মেরে পয়সা বেশী পায় সেদিন শ্মশানেশবের মাথায় আরও
বেশী জল ঢালে।

পেমীর পিতা একদিন জিজ্ঞাদা করিল—পেমি ! আজ কাল ঘাটে কেমন লাভ হচ্ছে ?

পেনী বলিল,—বাবা, আজ্কালু বড় কম্হছে, কিন্তু
 আজ্ছইদিন ধরে কিছুই নাই।

পিতা। কাত্লা ব্যবসা কেমন চল্ছে ?

পেমী। পরশুদিন একজন পথ ভুলে শ্রশানেশরের মনিং-রের দিকে পড়েছিল। আমায় জিজ্ঞাসা করিল,—অমুক পথ কোন্দিকে? আমি ঐদিক দেখাইয়া দিলাম। সে শ্রশানে-শ্রের মন্দিরের দিকে চলিল; আমিও তাহার পিছনে পিছনে চলিলাম। সে, যেমন মন্দির ঘুরে শ্রশানেশরের সাম্নে অফ্টাঙ্গে গড় কর্লে, আমি.অমনি স্থবিধা পেয়ে চেপে ধর্-শ্রুছ। কিন্তু বাবা, সে এক চু পুক্ষেত্ব মত ছিল; সেই দক্ষণ কাপ্টা কাপ্টি করতে হয়েছিল। একটুক্ষণের পর তাকে
নীচে আনে গলা চেপেশ্যুরে ফেল্লুম্। তার বা কিছু ছিল,
সব্নিলুম্, কিন্তু ছ'পয়সার বেশা ছিল না। স্বামি তার ঘাড়
কেটে শ্রণানেশ্বরের মাথায় রক্ত দিয়ে চলে এলুন্ন

পিতা। বৈশ, বেশ। ছুই আজ দকলকে ডেকে কোদাল পূজা কর্না, তা হলেই অনেক পয়দা পাবি।

পেমা আর সব্ মুদ্রিকরাসকে ছেকে কোদাল-পূজা করিতে লাগিল।

পেন্টতার পরদিন রাত্রি নয়টার পর মহাবটুরক্ষের ভালে ছুইপা ঝুলাইয়া বদে নিজের চিন্তা করিতেছে, — এমন সময়ে "শিবনাম সত্য" এই আওয়াজ শুলিতে পাইয়া পেমা**র আন-**ন্দের আর সামা নাই। পেমা মনে করিল—আ্রাজ কিছু হবে, কি করে ইহাদের ভয় দেখনে যায়, এই চিন্তা করিয়া পেমা আর তুইটা ডাল তুই হাতে ধরিয়া ভরানক আওয়াজ করিতে ও ডাল নাড়িতে লাগিল। যত পাখী গাছে ছিল্পায় সৰ্, যে যার রব করিতে করিতে বাসা ছাড়িতে লাগিল। যাহারা মড়া কাঁধে করিয়া-আনিতেছিল, তাহারা সংস্কারের কারণ যত মহা-ব্টুবৃক্ষের নিকট হইতে লাগিল, ততই ভয়ে মানসিক তেজ হারাইতে লাগিল। ক্রমে ক্রমে পা লাগালাগি ও পা জড়াজড়ি স্তুরু হইল। চিন্তামনি সর্দার ব্যতীত সকলেই পাঁচ'বৎসরের 'বালক হইল। চিস্তামনি উহাদিগকে বলিতে লাগিল,—ভক্ত কি, আমি'আগে আছি, যদি কিছু হয় তো আমার হবে। ভুত কোথায়—ভূত বেঁটা কিছু করেতো আমি ধর্বো। খুব্ জোরে নাম ডাকো। সকলে ভরদা করিয়া পুব্জোরে "শিবনাম সত্য" হাকিতে লাগিল গ সংস্কারের ক্ষমতা—কি অদুত। যাহারা পূর্ববিদিন অন্ধলারে তেপাস্তর মাঠে একলা ভয়ানক—ভয়ানক, অমাতুদিক ও অগাহদিক কার্য্য করিয়ালে, অদ্য তাহাদের কণ্ঠ ভূতের নামে—ক্রমে ক্রমে রোধ হইয়া আসিতেছে। যতই মহাবটরক্ষের নিকটবর্ত্তা হইতে লাগিল, ততই কাষ্ঠের পুত্ত-লিকাবৎ হইল। চারিধারে পাথী রব করাতে ও মহাবট-বুক্ষের ভাল নড়াতে, উহাদের আরও ভয় বাড়িতে লাগিল। এমন কি গায়ে গায়ে ঠেকাঠেকিতে গুই একটা পড়িল ও জ্ঞার কেহ কেন্দ্র পিছনে হাঁটিল। হঠাৎ পেমী গাছের উপর (थटर्क महाहोधकांत क्रिया लक्ष पिल। वाको मकटल छहेरणा বলিয়া মৃচ্ছ্ 1—

কাঁধের মন্যাও মাটাসাথ। খালি চিন্তামনি সদ্ধার ভূত ধরিল। উভয়ের কিছুক্ষণ ঝাপ্টাঝাপ্টির পর চিন্তামনি ভূতকে নাচে আনিল। চিন্তামনির মদ্ধনে ও গর্জনে ভূত অন্তির। ভূতের অনেক অন্তনয় ও বিনয়ের পর, চিন্তামনি বলিল,— দেখ, তুই মেয়ে-মানুষ, তাই তুই বেঁচে গেলি। তুই কে ? আৰু তুই কি দিবি বল্ ?

শে উত্তর দিল—আমি পেমী। আমার বাবা ঘাটের

কর্ত্তা। আমি একটা শোর দিব, আর মড়া পোড়াবার ঘাটের দান্লব না।

চিন্তামনি। এক কলসা হাঁড়ুঝা দিবি বল ? আমি চিন্তামনি সদীর্বির, তানাহলে মেরে ফেল্বো ৫

(भर्मी वालन,—जाहे श्रव।

চিত্তামনি পেমীকে এক কলসা জল আনিবার তুকুম করিল। পেমী গা-টা বেড়ে জল আনিতে গেল। চিন্তা-মনি উহাদের নিকট বাইয়া দেখিল—দুই চারিজন কম, আর বাহারা আছে, তাহারা সকলেই মড়ার সঙ্গে মড়ার মতন পড়ে আছে। এমনসময় শেমী চিন্তামনির হাতে জ্লের কলসী দিল।

চিন্তামনি পেমীকে বলিল,—পেমি। চণ্ডালগ্রামে হারয়াক কাছে গিয়ে জেনে সায় যে, অমুক অমুক লোক গ্রামে আছে কি না। আর বলিস্থে, অপর সকলে ভাল আছে, কোনও ভয় নাই, আর কারও আদিবার দ্বকার নাই।

ু পেশী চণ্ডালগ্রামের দিকে চলিল।

চিন্তামনি সদারি উহার বন্ধুদিগকে মুখে জলের ঝাপ্টা দিয়া মূচ্ছাভঙ্গ করিল। মূচ্ছাভঙ্গেও ভয় যায় না। অনেক রকমে চিন্তামনির পরিচয় পাইবার পর উহাদের ধড়ে প্রাণ আসিল। চিন্তামনি উহাদিগকে যুদ্ধ করিতেছে, এমন সময়ে পুনী আসিয়া বলিল,—উহারা সকলে গ্রামে আছে। হ্রিয়া ও অন্য সব্ আসিবার দরুণ অনেক বলিল, কিন্তু আমি ভোমার কথাপ্রমাণ বলাতে আর আসিল না ।

চিন্তামনি পৈমীকে বলিল,—মডাটাকে তুলে বাঁধ। পেমী তাহাই করিল। চিন্তামনি দৃদ্যিও পেমী মড়া ঘাড়ে, করিয়া চলিতে লাগিল।

চিন্তামনি অপর সকলকে বলিল,—তোরা সব্পিছনে পিছনে আয়ে, তারাও তাহাই করিল।

কিছুক্ষণের পর শাশানে পঁছছিল। শাশানবাসীরা পেনীকে দেখিয়া আশ্চর্য হইল। তাড়াতাড়ি মড়া উহাদের ঘাড় হইতে নামাইতে যাইল; কিন্তু পেনী ও চিস্তামনি মড়া কাঁধ হইতে কাট্পট্নামাইল।

• পেনী হুকুম করিল,—ভোরা শীস চিতা সাজাইয়া শেষ করে দে। দানের কথা কিছু বলিস্নি, আমি আস্চি। এই বলিয়া পেনী নিজের কুটারের দিকে চলিল।

চিন্তামনি সদ্ধার ও জান্য সকলে শাশানে বলিল। নুদ্ধির-ফরাসেরা চিতার যোগাড় করিতে লাগিল।

কিছুক্ষণের পর পেমা একটা শোর ও একটা কলসী ইাড়ুরা নিয়া উপস্থিত ২ইল।

তার পর পেন। বলেল,—আমি বা দিব বলেছিলুন, তা এই নভি।

• 3 চিন্তামনি। পেনি। শীঘ চিতায় মড়া তুলে দিয়ে আগুন

দে, তারপর আয় হাড়্য়া থাবি। ওরে পেমি । একটা পাত্র নিয়ে আয়, তানা হলৈ, কি হবে।

পেনী। আমি নিয়ে আস্চি। পেনী মুদ্ধ করাসদের

ত্রুম করিল,—ওরে, তোরা দেরি কর্ছিস কেনু ? শীতা শেষ
কর্। এই বলিয়া পেনী পুনরায় নিজের কুটি রৈর দিকে
চলিল। মুদ্ধরিকরা স্কোর আধিপোড়া বাশ ও ধঞে, যেখানে বা
পেলে তাহাই লইয়া চিতা সাজাইয়া, চিতার উপর মড়া ।
ভূলিল। তাহার পর উহারা চিন্তামনিকে ডাকিয়া বলিল,—
ওহে ভহি, কে মুখে আগুন দিবে, এস।

চিন্তামনি অমুককে ,বলিল,—ওহে চল, আগুন দিয়ে • আসি। তারপর হাড়ুয়া খাওয়া যাবে, আব শোর কল্সান যাবে। অমুক চিন্তামনির সঙ্গেষাইয়া আগুন দিল। • •

মুদ্র বিকরাদের। উহাদিগকে রলিল,—তোরা যখন পৈমীর মিলু, তখন আমাদেরও মিতা। তোরা বস্গে, ভোদের কিছুই কর্ত্তে হচব না, আমারা সব্ই কুর্বো। উহারা বিসিতে আসিতেছে—এমন সময় পেমী আসিয়া মড়ার খুলি দিল।

চিন্তামনি'। পেমি ! হাড়ুয়া থাবি আয়। পেমী ও অক্য সকলে গাইয়া বসিল। চিন্তামনি সকলকে হাড়ুয়া দিতে হুঁক করিল।

• চিতার আলোতে প্রথম চিন্তামনি পেমীকে দেখিলী

পেমাও চিন্তামনিকে প্রথম দেখিল। ইহা যে পরস্পরের কি দেখা, তাহা খালি চিন্তামনি আর পে্মী জানে।

পুরুষকার, যুক্তি, জ্ঞান ও বিজ্ঞান কিছুই জানে না। যে মজেছে, সেই',মজেছে এবং সেই জেনেছে। যে মজেনি, সে মজেনি এবং সে জানেনি। সকলে সমস্ত রাত্ আনন্দের লহর চালাইয়া দিল। চিন্তামনি ও পেমী যে যখন চক্ষু খুলিল, সে তখন পুরস্পার পরস্পারকে দেখিল। আর সকলে দিন-মনিকে দেখিল।

চিন্তামনি বলিল, — ওহে ছুই এক পাত্র হাঁড়ুয়া খেয়ে, ডোবায় নেয়ে, চল বাড়ী যাওয়া যাগু।

সকলে বলিল,—হাঁ। ভাই; কিন্তু ভাই তুই কাল্কের ভূতের কথা কিছু ঘরে গিয়ে বলিস্নে।

চিন্তামনি। দূর পাগল, ও কথা কি বল্তে আছে। তাঁ হলে সুব্ভুর ভেঙ্গে যাবে। আরু সকলে খাই।

শকলকার ভিতর হাঁড়ু যা চলিতে লাগিল, নানারঙ্তামসাও চলিল। সকলেই পেনীর গুণ গাইতে লাগিল। পেনী
নীরব থাকিয়া খালি উহাদের সেবা করিতে থাকিল। তুই এক
,ঘণ্টার পর চিন্তামনি বলিল,—ওহে ভাই, চল ডোবায় নেয়ে ঘর্
যাওয়া যাক্। কাল্কে সে বেটারা ভেগে গেছে—সে,বেটারা
বাটী গিয়ে কতকথা বলেছে, আর সকলে কত কি মনে করেছে।
তা আর দেরি করা ভাল ন্য়, চল শীল্প নেয়ে যাওয়া যাক্।

সকলে ডোবার সান করিতে চলিল। পেমীও পিছনে পিছনে চলিল। পেমীর দৃষ্টি খালি চিন্তা,মনির উপর। যে পেমীর হৃদর পাষাণের অপেক্ষা পাঁষাণ ছিল, আজ তবের অপেক্ষাও দ্রব হইল। তাঁর কি ক্ষুত্ত লীলা। বাঁলিলা খালিলীলাময় বুকিতে পারেন।

চিন্তামনি ও অন্য সকলে সানান্তে পেমীর নিকট আসিল, এবং পেমীকে চিন্তামনি হাসিতে হাসিতে বলিলু। পেমি ! প্রামরা সকলে অধি, অংবার কেহ মর্লে দেখা কর্বো।

পেনীর চক্ছ হইতে বারি ঝর ঝর বহিতে লাগিল, এবং কর্ করিতে,লাগিল হিয়া। পেনার কঠরোধ । হইল, কথা সরে না। খালি ফ্যাল্ফ্যাল্ফৃষ্টি ব্যতীত আর কিছুই নাই।

চিন্তামনি। অরে পাগলি। তুই কাঁদিস কেন ? তোর
মন কেমন করছে। ঘরে গেলে ভাল হবেঁ, আমরা চল লুম্, এই
বলিয়া উহারা গ্রামাভিমুখে চলিল। পেমী চিন্তামনির উপর
নজর রাধিল বভতুর-নজর চলিল, যখন নজর বন্ধ হইল, তখন
হতাশ হইয়া নিজ কুটারাভিমুখে ধাইল।

डड्रब् श्रिड्स ।

---0:0---

নদের জাদ, ভুড় ভুড়িতাদ, বোক্টাদ।

নদেরটাদ। কিহে ভুড়্জুড়িচাদ। এতদিন কোথায় ছিলে, অনেকদিনের পর তোমার সঙ্গে দেখা হলো, ভাল আছত ?

ভুড় তুড়িচাঁদ। ভাল আছি বই কি, তা না হলে কি করে হেথা এলুম, টোলে ও দেশভ্ৰমণে অনেক দিন গেল। তুমি ভাল আছ? ি

নদেরচাদ। তোমাদের সকলের কুপায় বেঁচে আছি। তুমি
অস্টাদশবিদ্যা শিখেছ, সমস্ত পৃথিবা দেখেছ, তবেত তুমি থুব্
বঙ্গলোক হয়েছ'। কিন্তু ভাই, বোক্চ্চদটা সেই রকমই আছে।
আমি কত বলি যে, চিরকাল এই রকম করে কাল কাঁটাবি,
একট্ ভাল হ। আর বাঁচবিই বা কতদিন, বোক্চাদ হা হা
করে হেলে রঙ্গোমাসা করে উভিয়ে দেয়। তা ভাই, তুমি
এসেছ ভালই হয়েছে, এইবার জোঁকের মুখে মুণ পড়েছে।
কিন্তু সে ছিনে জোঁক কিছুতেই ছাড়ে না, যা বল অমনি মিঠে
মিঠে ঠোনা দেয়। বোক্চাদ, নিমকহারাম্ নয়, এই গুণলৈ
তার বড়, এইজন্যে সকলেই ভাল বাসে। বোক্চাদ হাসিয়ে
হাসিয়ে পেটের নাত্ভিড্ডি ছিঁড়ে কেলে। বোক্চাদ বড়লোকের বৈঠকখানার বড় উত্তম সাজ হয়।

ভূড়্ভুড়িচাঁদ। তুমি যা বল্লে সমস্তই ভাল, যথন সে নিমক্হারাম্ নয়। আঁচিছা ভাই, বোক্চাঁদের কিছুই বদল रुग्न नारे-- u वेष्ठ आम्हर्या कथा। वंग्रतम ममर्खरे तनल रुग्न। আমি যখন অধ্যাপকের নিকট পাঠ্যাভ্যাস করিতাম, একদিন অধ্যাপক মহাশয় বলিলেন,—দেখ ভুড্ভুড়িচাঁদ, কাল সকল-কার চেয়ে বড়, কারণ কাল হয় অনস্ত, কালেতে সমস্ত জিনিসকে বদল করে ফেলে। কালের সঙ্গে যুঝিয়া কেহ কালকে পরাস্ত ক্ররিতে পারে না। কালের আকার নাই, • অ! দি.নাই, মধ্য নাই, অন্ত নাই, কাল নিরবচ্ছিন্ন অজানিত রথিয়াছে, ইহার কারণ কালকৈ অজানিতবলে। অধ্যাপ্ক মহাশা আরও বলিলেন,—''কালের আর এক নাম—শিব, আবার কেহ কেহ মহেশ্ব, বলে। আমরা যে কালকে স্র্যোক দারায় ঠিক্ করিয়া শইয়াছি, তাহা কল্লিত। যথা,—কাষ্ঠা, কলা, মুহূর্ত্ত, দিন, মাস, বর্ধ, ও যুগ। বাঘের ছেলে বাঘ বই মামুষ হয় না। সং থেকে অসং আসে না। সমস্ত জগৎ কল্লিত বই আর°কিছুই নয়। অসূভ্য জগতে দিন রাত ব্যতাত কালকে নিরূপণ করিবার আর কিছুই নাই। সভ্য জগ্নতে— কাষ্ঠা, কলা, মুহূর্ত্ত, দিন, মাস, বর্ষ ও যুগ আছে। জাগ্রত অবস্থাত্বে সংস্কারের কারণ কালকে কত বড় বোধ হয়ঁ, চিস্তাতে কত কম বোধ হয়, গাঢ়চিস্তাতে আরও কুম, স্বপ্নেতে আরও ক্যু ; স্বৃপ্তিতে কিছুই নাই। এক দৈহের ভিতর অবৃন্থাভেদে:

কালের নিরূপণই কড রকম দেখ। অতএব কালের ঠিক্
নাই, বলি ঠিক্ না রহিল,—তাহা হইলে আমরা যাহা ঠিক্
করি, ডাহাও 'সব্ অঠিক্ রহিল। আমরা বাহা কল্লনা করি,
ডাহাও বলি অঠিক হইল,—তুবে কেননা অঠিকে অঠিকে বন্ধু
হইবে ? অবশ্যই হইবে। কাল অনস্ত,—কাল হইতে
যাহা, তাহাও অনস্ত; অতএব সমস্ত জগতও অনস্ত।"
বোক্চাঁদের যে কিছুই বদল হয় নাই; এটা যে কি, তাহা
আমি ভালরূপ বুবিতে পারিভেছি না। দেখু,—আমি অনেক
দেশ ভ্রমণ করিয়া আসিলাম,—কিন্তু কোনও দেশ কোনও
দেশের সহিত এক দেখিলাম না।, দেশভেদে সমস্তই প্রভেদ
দেখিলাম।

নদেরচাদ। তুমি যে কি বল্লে তা আমি কছুই বুঝিতে পারিলাম না। তুমি খুব্ বিঘান্ হয়েছ। বেশ—বেশ, কি বদল—বদল; কাল—কাল বল্লে, সাটে বুঝিলাম নে, তুমি বোক্চাদের বয়ুসের বদল কি বল্লে।

বোক্টাদকে যা দেখে গিয়াছিলে, বোক্টাদ তা নাই।
পাঁচ বংসরের ছেলে—বিশ বুৎসরের হলে কি তাই থাকে?
তা নয়। বোক্টাদ আগে যেমন রঙ্-তামাসা কর তো, এখন
বুড়ো হরেও তাই করে। আমি তাই বলেছিলাম যে, বোক্চাঁদ সেই রকমই আছে।

ভুড় ছুড়ি হা-ছা করিয়া হাদিয়া বলৈন,—তাই বলো, আমি

ভাই মনে করেছিলাম যে, বোক্চাঁদ বুঝি এক রকমই আছে, আমার মাধা ঘুরে গিয়ীছিল।

নদেরচাদ। আমার মাথাও বোঁ-বোঁ করিয়া মুরিতেছে। তোমার বিদ্যা দেখে হিৎসা হয়। যদি আমিও ভোমার সঙ্গে যেতুম্, তা হলে আজ কি আনন্দ হতো, তুমি যা সঁব্ এথন বলিলে, সব্বুঝিতে পারিভাম।

ভুড় ভুড়িচাঁদ। তুমি বেশ আছ, ঘরে বঙ্গে পাত্যের উপর
পা দিয়ে স্থা করে ভাত খাচছ, এর চেয়ে স্থা কি আর
বেশী আঁছে ? আমাদের মত কফ সহ্য করিতে পারিবে
কেন ? মরে যাবে, আমরা এত কফ সহ্য করে বিঘান্ হুয়ে
এসেও, তোমার মত বসে পায়ের উপর পা দিয়ে আহার
যোগাতে পারি না। বসে আহার করা মহাগুণ্যের কার্য্য।
ভাগ্যলক্ষীর কুপা না হইলে, বিনা পরিশ্রমে আহার হয় না।
ভোমার উপর ভাগ্যলক্ষীর কুপা আছে, ভাই ভুমি সকল্কার
চেয়ে বড়। ভোমার লেখাপড়া শিখে কি হুবে ? যা বাপ
দাদা রেখে গেছেন ভোমার পক্ষে যথেক ; ভাতে আবার ছেলে
নাই। আচহা নদের লাং কন তুমি ছেলে হবার জন্য নাটাতে,
পুরাণপাঠ করাও না ?

নদেরচাঁদ। আমি সব্ করেছি, কিছুই হয় নী।
ভুড়্ভুড়িচাঁদ। বোধ হয়, তুমি এক মনে কার্য্য কর নাই।
অধর বারা ব্রতী ছিল, তারাও উপযুক্ত নয়। আয়ার ইছ্যুগ

হয় যে, তোমার জন্যে কিছু করি; কিন্তু সমস্ত দ্রব্য যদি ঠিক্ করিতে পার। আমার যাহারা আমার, সঙ্গে থাকিবে, তাহারা যদি শুদ্ধান্নাবে থাকে, আর তুমি যদি অর্থের কুপণতা না কর, তা হলে বোধু হয়, আমি নিশ্চয়ই সফল হইতে পারি।

নদেরটাদ চুপ করিয়া রহিল। এমন সময়ে, বোক্টাদ আসিয়া উপস্থিত হইল। কিহে ভুড্ ভূড়িচাঁদ ! এতদিন কোথায় लुकिरप्रक्रिता? এमেই বাপু, नामत्रगामतक कक्-मक् करत ফেলেছ। কিহে নদেরচাঁদ। গুঁতো খেয়েই যে অন্থির হয়ে চুপ करत तरेल ? वाक् मरत ना रखे? चूछ चूछिहाँ म रवावा करतः 'ফেল্লে নাকি ? ভাই ভুড়্ভুড়িচাদ। কি ঔষধ শিখে এসেছিস্ আমায় একটু দেনা; আমার বড় উপকার হয়। অনেক বেটা ানিধোড়ের কাছে যেতে হয়, বেটারা চীৎকার করে সব্মাটী বেটারা না জানে লেখাপড়া, না জানে রঙ্-তামাপা, না জানে ভোগ, বেটাদের চবিবশ ঘণ্টাই শোক। কিন্তু অন্যকে দেখায় যে, বেটারা যেন নাড়ুগোপাল। বেটারা যদি মামুষ হতো, তাহলে কি বাঘের ঘণ্ণে ঘোণের ৰাসা হতো। বেটারা থুব্ ষাঁড়ের মতন গাঁ-গাঁ করে নাদ্তে পারে। বেটাদের গুণ আ্র কি বল্বো, পরের কুচ্ছ কর্লে হাসির ধমকের চোটে রেলের গাড়ীর দম্ঝক্ মেরে যায়। তাই বল্ছিলেম, – তুমি আমার ন্যাংটা ইয়ার, যদি কোথায় किছু পেরে থাকো, দিলে আমার উপকার হর। নদেরচাঁদ! ভাই কিছু রাগ করো না; তুর্মি তো জান যে, আর সর্বেটা গিধোড়, খালি তুমি ছাড়া।

নদেরটাদ। দেখ্লে ভুড়্ভুড়িচাদ, আফি যা বলেছিলাম, ঠিক কিনা, রঙ্-তামাসা ছাড়া বোক্চাঁদ থাঝে ন।

বোক্চ দ। ভাই আমাদের বিষয়ও নাই, আঋাও নাই, তার দক্ষণ সোটাও নাই, খালি রঙ্-তামাসা নিয়ে থাকি।
একটাতো মানুষকে নিয়ে থাক্তে হয়, তা না হলে য়ে,
পাগল হয়ে যায়। আচ্ছা ভাই, নদেরচ দ। তুমি ঠিক বলো দিখি,—যখন তোমার বাবা ছিলো, তথন কত রঙ্-তামাসা কর্তে, কিন্তু কর্তার মৃত্যুর পর থেকে যেন এক রকম হয়ে
গৈছে, তা হতেই পারে। নানাকাহ্য দেখ্তে হয়, নানাচিন্তা কর্তে হয়, কোথায় কি হলো না হলো সব্ খবর রাখ্তে হয়,
এক মৃহূর্ত্তও ফাক নাই য়ে, ছই একটা আমেদে প্রমোদ, কর।
কিন্তু ভাই, তোমার মনটা সখের কি না ঠিক্ বল দেখি?
আমিতো সব্ জানি।

নদেরচ দৈ চকু ছল ছল করিয়া বলিল, — তুমি যা বল্লে, তা সব্ ঠিক। মনের ভিতর সঁব্ হামাগুড়ি দেয়, কিন্তু কি করি, সব্ দিক্ বজীয়ে রাখ্তে হবেতো । দেখনা, বাবা মরে যাওয়াতে, আমার লেখাপড়াও সব্শেষ হলো।

বোক্চ দি। তাইতো বলি নদেরচ দি, আমাদের দতন
 লাকের অনেক বাপ থাকা উচিত; কিন্তু বিধির কি বিড়ম্বনা।

একজন মর্লে আর একজন অমনি প্লেস্ নিলে, তা নাহলে কি রঙ্-তামাসী হয়, লেখাপড়া হয়, ৻এ কিনা বিষয় বিষয় করে জীবনটা সোল। ওর চেঁয়ে ভিখারীর ছেলে হঁওয়া ভাল। দেখ না, আমি য়ঙ্-তামাসা নিয়ে থাকি, খাই দাই রগড় করে বেড়াই, কোনও ভাবনা নাই, কোন চিস্তাও নাই। তবে ভূড়ভূড়িড দৈ কেমন আছে, তা বলোঁ ? ব

ভুড়,ভুড়িচ গৈ । তোমায় অনেকদিনের পর দেখে বড় খুদী হইলাম। আমি ভাই অনেক্দিন অনেক টোলে থেকে, অনেক লেখাপ্রড়া শিখে অনেক দেশ বেড়াইয়া আসিলাম। কিন্তু ভাই, চেলেবেলার এয়ার্রের কাছে যে আমোদ পাওয়া যায়, তা আর কোথাও পাওয়া যায় না।

দেখনা, অংমি দেশে আসিয়াই অ্থে তোমাদের সঙ্গে দেখা করিতে আসিলাম। এতৃক্ষণ নদেরচাঁদের সঙ্গে কথাবার্তা কর ছিলাম। তুমি আর্সাতে আরও ভাল হলো। তোমার ছেলে হয়েছে, না ন্দেরচাঁদের মতন ?

বোক্টাদ। আমাদের প্রসা নাই যে, হোমর্যাগ ক'রে ছেলে হবে। তিনি ইচ্ছা ক্রিলেই সব্ হবে। গরিবের সহায়, তিনি। বাপ দাদারা দেখে শুনে নাম ঠিক্ রাখে, তুমি টোলে পড়ে বিঘান হবে, দেশ দেশান্তরে যাবে, এইটা যেন বাপ দাদারা জেনে তোমার নাম ভুড় ভুড়িচাদ রেখেছিলেন। আমি ব্রোকা কোথাও যাব না, তাঁরা ঠিক্ কংর বোক্টাদ নাম রেগেন

ছেন। তা ভাই বুক্নি শিখেছত, তা হলেই বেশ কল্বে। টিকী রেখেছ ? ওটা ইজুমী-গুলি, ওটা নাহলে কিছুই হয় না। তাবেশ রেশী।

নদেরচাদ। ভুড্ভুড়িচাদ এতক্ষণ কত কি বল্ল।
ভুড্ভুড়িচাদ খুব্লেখাপড়া শিখে এসেছে, তা ভাই আমি
কিছুই বুঝ্তে পার্লেয় না। কি কাল—কাল, আরও কত
কি বল্লে!

বোক্চাদ। ,ুবুঝেছি, বুক্ নিতেই জড়সড়, তবুও খাতা
থুলে নাই।

নদেরচাদ। ভোমার আরক্ষাজ্লামি চল্বে না। এই বার জোঁকের মুখে সুণ পড়ব্ব।

বোক্টাদ। আর ফুণ দিতে হবে না, আপনিই গুটিয়ে প্রতিরে গেছে। বাপ দাদাদেরতো বিষয় পায়নি যে, খোদার খাসি হবো, আর মোলারা খুব মজা করে খেয়ে পুতনরক খেকে উদ্ধার কর বে। পেটের দায়েতেই অন্থির। আমার লেখাপড়াতৈ কাজ নাই, প্রসাতেও কাজ নাই। এই ছুটাতেই মাথা খারাপ করে। একটা বাক্-চাতুরিতে মজা লোটে, আর একটা গিধোড় প্রসা হয়ে মজা দেয়। বোকা আছি ভাল, আজকের আজ ব্রিলাম, কালকের কাল ব্রিলাম, তাহলেই রোজের রোজ ব্রিলাম। আমার মাথা ঘামিয়ে কাল বুরে কাজ নাই, কালেতেই কালে খায়, আসিয়ে গেলে রাজা হয়, পিছনে,

গেলে বাবৈ খায়। বুক্নিতে কাজ নাই, যা দেখলুম্ তাই করলুম্ নোটামুটি ভালরে বাবা। আর্ক নাছের ঝোল, কাল ডাঁটা চর্চজ্জী।

নদেরচ দি । বোক্চ দি ! সুড় ভুড়িচ দি কি বলে শোন না ! অহে ভুড় ভুড়িচ দি ! তুমি যে কাল—কাল কি বল্লে। আর একবার বোক্চ দিকে বলোনা।

ভুড় ভুড়িচ দি। কালের আকার নাই, আদি নাই, মধ্য
নাই, অন্ত নাই, কালকে পরাস্ত করিতে,কেহ পারে না।
কালকে অজানিত বলে, সূর্য্যের দারায় যে কালকে ঠিক্ করা
হয় তাহা কল্লিত। সমস্ত জগণ্ড কল্লিত। খালি সংকারের
কারণ নানারক্ষ দেখি। কাল অনন্ত, কাল হইতে যাহা,
চাহাও অনন্ত, ইহার কারণ সমস্ত জগৃত ও অনন্ত।

বোক্চাদ। তুমি যা বল্লে সবই টিক্। তবে কি জান, ভূড়্ভুড়িচাদ, পুকুরে খ্যুভুড়্ভুড়ি কাটে সেও যা, আরু পুকুর-টাও তা। তা বেশ বৈশ।

ভুড্ভুড়িচ দ রাগানিত হৃইয়া বলিল,—ধোক্চ দ, জুমি বোকা ড়াই বুঝিতে পারিলে না। ভুড্ভুড়িটা কেগথায় কাট্ছে, পুকুরে, না আর কোথাও ? যদি পুকুরে হয়, তবে সব্ এরু নয়।

বে।ক্চাঁদ। যদি সব এক, তবে কেন তুমি কার্য্য কর। কেন তুমি আমায় বোকা বল, সূর্য্যের দারায় যে কাল ঠিক করা হয়, তাহা কেন কল্লিত বল, এবং সমস্ত জগৎকে কেন কল্লিত বল। কাল অনস্ত, কলৈ হইতে বাহা, তাহাও অনস্ত, ইহার কারণ সমস্ত জগৎ অনস্ত। এইটি ঠিক বলেছা, কিন্তু ঠিক ধরতে না পেরে মাঝে মাঝে ভুড়ভুড়ি কাট্ছোঁ। এই জগৎ যদি কল্লিত, তাহলে তুমি বা বল্ছো, তাহা কেন না কল্লিত হয় ? যখন তুমি জগৎছাড়া নও। ভাষা শিখিলে হবে না, তলিয়ে দেখ—ভিতরে কি আছে; এক বোকা পাঁঠা ভাল, তা নয়ত বহস্পতি ভাল; মাঝামাঝি বড় সর্ববনাশ।

- শুড় ভুঁড়িচাঁদ। তুই কিছুই জানিস্নি, তুই নিজে বোকা পাঁঠা, তোর কাণ্ডাকাণ্ড জ্ঞান নাই। বোক্চাঁদও যা আর ভুড়ভুড়িচাঁদও তা। আহা কি বিদ্যাবৃদ্ধি। ভবে কি করে জগৎ উৎপত্তি হয়, শুন।
- প্রথমে পুরুষ, যাহা অব্যক্ত বলিয়া কথিত হয়। পুরুষ, কাল ও শিব, আর যে যা বল, তাতে ক্ষতি নাই। প্রকৃতিও পুরুষের মত জানিবে, কারণ ইছার কিছুই নিরাকরণ করিবার নাই; ইহাকেই প্রকৃতিতত্ব বলে। ইহা হইতে মহতত্ব, মহতত্ব হইতে অহঙ্কারতত্ব, অহঙ্কার হইতে একাদশ বৈক্লারিকাতত্ব। যথাঃ—আকাশ, মরুত, তেজ, অপ, ক্ষতি, শব্দ, স্পর্শ, রস, গরু, ও মন, এই চতুর্দিশতত্ব হয়। চতুর্বিংশতি করিতে হইলে, আরও দশটী যোগ করিতে হয়। যথাঃ—কর্ণ; ত্বক্, চক্লু, জিহবা, নাসিকা, বাক্, পাদ, পাণি, লিঙ্গ, গুহু এই চতু-

বিবংশতি তত্ত্ব একের পর এক হইয়াছে। কিন্তু চতুর্দণতত্ত্ব-তেই • সমস্ত চলে, আর দশটী অপত্ত দশটীর প্রকাশ ব্যতাত আর কিছুই নয়।

বোক্চ দা তুমি বা রল্লে সব ঠিক্, কিন্তু ধর্তে ছুঁতে
নাই। আই-মার গল্পের মত শুন্তে ভাল. কার্য্যে: কিছুই নাই।
কোন্টার পর কোন্টা ইহা কিছুই নিশেকরণ করিবার নাই।
খালি মহাজনের কথা ব্যতীত আর কিছুই নাই। যদি কেহ
বিপরীত বলে, তাহাও ঠিক করিবার উপায় নাই। যখন তুই
জনের অবস্থাই সমান, কারণ কেহই দেখাইতে পারিবে না।
খাহার পুঁট কি বেশী থাকিবে সেই জয়লাভ করিবে।

স্ষ্টির সমন কেছই ছিল না যে, স্থির কথা বলিবে, এবং ভিনি কাহারও সহিত পরামর্শ করিয়া কার্য্য করেন নাই যে, অপরে জানিবে। মহাজনেরা দূরদর্শী ছিলেন, বর্ত্তমান দেখিয়া ভূত ভবিষ্যৎ ঠিক কারতেন। আজ কালকার গাঁজাখোরের ফলিত জ্যোতিষ নয়। যাহা বর্ত্তমানে হয়, তাহা অভীতে হইয়াছিল ও ভবিষ্যতে হইবে; কারণ নূতন কিছুই নাই। যাহা আছে, তাহাই আছে, যাহা নাই, তাহা কোনজালেই নাই। স্থূল থেকে মহাজনেরা মাথা ঘামাইয়া বাক্যের কেল্লা তৈয়ার করে সূক্ষেম পেছে, আর কিছুই নয়। কিন্তু কেল্লা এমন তৈয়ার করেছে যে, বাহিরের শক্র কেল্লা ভেঙ্কে ভিতরে যাবে ভলার পথটা নাই। ইচ্ছা কর, নূতক বাক্যের কেল্লা তৈয়ার

কর। এই রকম অনেকেই তৈয়ার করেছে,—কিষ্ণ কেহ কারও ভাঙ্গিবার জোঁ নাই। কারণ, সকলেই সমান এবং সকলেই স্বস্থ প্রধান। কেল্লার ভিতরফোর্জ যারা থাকে. তারাই গোলমাল করে, কিন্তু কেল্লার ভিতরে যুঠকণ থাকে, ততক্ষণ ঠিক খাকে, বাহিরে আসিলেই সর্বনাশ। বৈ যার কেলার বাহিরে আসিলে অত্যের কেলা দেখিয়া নিজের কেলার অংকারে মত্ত হইয়া, ফৌজে ফৌজে লড়াই বাঁধে। বাদ ঠুক্-ঠাক্ হইল, তবে হাত পা ভাঙ্গিয়া যে যার নিজের কেল্লার 'ভিতর ঢুকিল। আর যদি খুব বেশী হইল,•উভয়ের কর্ত্তা আসিয়া সন্ধি করিল। তাঁহার মহিমা কি অভুত। কোনকালে তুই কর্ত্তান্ব একত্রিত হয় নাই। একের পতন, **অপ**রের উত্থান, এই চিরকাল চলিয়া স্থাসিতেছে। ভুড্ভুন্ডিচাঁদ! আফরা বোকা ও মূর্থ, মোটামূটি বুঝি, বাক্-চাতুরী শিখি নাই বুক্নি•মুখন্থ করি নাই যে, প্রকৃতি-তত্ন, মহতত্ত, অহন্ধার তত্ত্ব, একাদশ বৈকারিকা-তত্ত্ব কিম্বা চতুর্বিবংশতি-তত্ত্ব বুঝিব। সাদা-नित्न लाक मानामित्न वृति।

মুটে মজুর পেটের জন্মেই অস্থির, আর নায়ার জন্যেই শায়াতে কেঁদে মরি।

ভুড় ভুড়িচাদ। তুমি মোটামুটি কি বুঝ, বলঁ দেখি ? বোক্টাদ। প্রকৃতি পুরুষের কিছুই ঠিক করিবার যো নাই। ইহারা যে কে, গুবং কোণা থেকে আসে, গুবং ইকান **(**एत कर्डी (क, (कहरे किছू विलए भारत ना, थालि खार ना विलाल हरल ना। किन्नु यथन श्रयुः এইটी विश्वाम कतिरव, তথন সমস্তই বুঝান যেতে পারিবেক। একটা স্থান ঠিক ना कतिरल । फिक् निर्भव बय ना, रयमन मृर्वारक ना शांकिरल দিক্ নির্ণয় হইত না। মনে কর,—ক, খ, গ, নামক তিন ব্যক্তি উপৰিষ্ট আছে ; কএর পূর্ব্বদিক্ষে খ বসিয়াছে, গ, খএর পূর্বাদিকে বসিলে, খ, গএর পশ্চিমদিক হইল। যেটী পূর্বব ছিল, সেইটীই পশ্চিম হইল। অতএব দেখ, একটী স্থান ঠিক না করিলে দিক্ নির্ণয় হয় না। কারণ, প্রকৃত দিক্ কিছুই" नारे। ১, २, ७, ८, ৫, ७, १, ৮, ৯, ०, विश्वाम ना कतिरल অঙ্কবিদ্যা হয় না। একের পিছনে কি আছে বলিলে সর্ববনাশ 'উপস্থিত হয়। তাবলে একের (১) পরের পর অর্থাৎ ১, ২, ৩, ৪ ইত্যাদি যাহা, তাহা অস্থিতপঞ্চ্ম' নয়। কারণ, নয়টা ফিগার্ও একটা জিরো লইয়া জগতে অঙ্কবিদ্যা চলিতেছে। যদি একের (১) পিছনে কিছুই নাই বলিয়া, একের (১) পর্বেও किं कूरे नारे वल, जाराल जानि, जरु, मश्र किं कूरे नेश, रेशरे প্রমাণ,হইল:

একের (১) পর যতশৃত্য বসাইবে ততই সংখ্যা হইবে, যথা —
১০০০ দশ হাজার। কিন্তু একপুঁছিয়া দিলে, তাহা (০০০০)
শৃত্যময় হয়, তত্রপ সোড়ায় একটা না ধরিলে সমস্ত শৃন্যময়
হয়। এক ইইতে আনিলে পূর্ববিৎ দর্শন বলে। যথা,—এক,

তুই, দশহাজার ইত্যাদি অর্থাৎ "এ-প্রায়রী।" আর পর হইতে একে আসিলে পরবৎ দর্শন বলে। বথা—দশ হাজার, তুই, এক অর্থাৎ "এপোষ্টিরিয়ারি"। এই তুইটা পথ ব্যতীত জগতে তৃতীয় পথ নাই। হিমালয় পর্বতকে মাঞ্চা দিয়া টু মারিয়া চুর্গকরা যদিও কালে সম্ভবপর হইতে পারে, তত্রাচ প্রকৃতি পুরুষকে জ্ঞান, বিজ্ঞান ও ফুক্তিভারা নির্ণায় করা সম্ভবপর নহে। গোড়ার অন্তিথকে যদি বিশ্বাস না কর, তাহা হইতে তোমার অন্তিথের বিশ্বাস কি? যদি তোমার অন্তিথ ঠিক হইল না, তাহা হইলে তুমি যাহা বলিবে, কহিবে ও তর্ক করিবে, তাহাও ঠিক নয়। প্রকৃতি পুরুষের উপর উহা যুক্তিসিদ্ধ নয়। কেমনহে ভুড় ভুড়িচ দি?

ভুড় ভুড়িচাঁদ। দেখ নদেরচাঁদ। বোক্টাদ যা সব বল্লে বড়ই ঠিক। আমরীও কোন পুস্তকে প্রকৃতি পুরুষের কর্ত্তা কে, কোথাও পাই নাই, সকল পুস্তকে স্বয়ং বা স্বয়স্ত্ব বলে। তাঁহলে বিশ্বাস ব্যতীততো গতিই নাই। বোক্চাঁদের স্বাভা-বিক্ষ জ্ঞান অতি উচ্চ। আমি সনেক দার্শনিকের সঙ্গে এই সব বিষয়ে কথা কহিয়াছি; কিন্তু এমন যুক্তিসিদ্ধ ক্থাধকাথাও

নহদরচাঁদ। সাপের হাঁচি বেদেই জ্ঞানে। আমরাত বোক্চাঁদের মত নিরেট গাধা ছুইটা দেখাতে পাই না। বোক্-চাঁদের যদি আকেল বুদ্ধি থাক্বে, তাহা হইলে বোক্চাঁদ

কেননা পাব্লিকে মুভ্ করে, কেননা খবরের কাগজে নাম উঠে। কেননা বাহিরে থেকে পয়স। রোজগার করে নিয়ে আস্তে পারে। আমাদের দেশে সকলেই জানে যে, বোক্-চাঁদ একটা মহাবানর। খালি রঙ্-তামাসা করে বেড়ায়, আর ঘরের কোণে চুপ করে বসে থাকে। কিন্তু ভুড্,ভুড়িচাদ। বোক্চাঁদের বিশাস অতান্ত বেশী, অদিও এত চালাকদাস বাবাজী, - বিশ্বাদের দরুর্ণ মাটী হয়ে গেল। যাকে বিশাস কর্বে, তাকে অবিখাস কিছুতেই কর্বে ন।। ইহার দরুণ, অনেক ঠেকেণ্ড, কিন্তু বোক্চাঁদের জ্রক্ষেপ নাই,—ভার কুপায় আবার ধুঁইয়ে ধুঁইয়ে উঠছে। এ**দেশে** বিশাসঘাতকতা অত্যন্ত বেশী, এই হেতু এদেশে কেহ প্রকৃত বড় হয় না। যাদের পেটে একখানা, সুখে একগানা, তারাই এদেশে বড় হয়। আইনবাজ একের (১) নং, ধনী—২নং, তার পরে পদ্মে সব। অন্তদেশে অসভ্যেরা মেরে ফেলে, কেড়ে বিক্ড়ৈ নেয়, किस जामारित रिएम थानि जारेन वाँिरिय, जीयरिसरे भव नूरंहे পুটে নেয়। "ভাল মানুষের নির্ববংশ," এটা যা মেয়ে মানুষে ্বলে, তা ঠিকু।

ভুড় ভুড়িচাঁদ। তুমি লোকের প্রকৃতি বোঝ না। কেহ এক প্রসাতে ভিড় বিড়িয়ে বেড়ায়, কেহ কোটি টাকাতে ঘরে গাধা হয়ে চুপ করে থাকে, কিন্তু বোক্চাঁদের যা মাথা ও মাথা কথনই চুপ করে থাকবার নয়। যদি তুমি বাঁচ, আর বোক্- काम अ तिर्हे थातक, तम्थ ति तिर्हे । विश्व तिर्हे । विश्व तिर्हे । विश्व तिर्हे । तिर्हे । तिर्हे । तिर्हे । तिर्हे । विश्व विश्व ना । तिर्हे । विश्व तिर्हे । तिरहे । ति

বোক্চাদ। মনে ক্র, হর ও গোরা নামে ছই ব্যক্তি লাছে। একটি পুরুষমানুষ ও অপরটি মেয়েমানুষ, যদি হর ও গোরীর মা বাপ, কে জিজ্ঞাসা ক্র; তাহলে গোলমাল হবে। আমি পূর্বের বলিয়াছি বে, প্রকৃতিপুরুষের উপর উঠিবে না, এবং তুমিও স্বীক্লার করিয়াছ যে, প্রকৃতি-পুরুষের কর্ত্তা কে, তাহা পুস্তকে বলে নাই, খালি বিশ্বাসই এই স্থলের মীমাংসা।

ভুড়ুভুড়িচ াদ। প্রকৃতি-পুরুষের কর্ত্তা কে, তাহা কেহ জানুন না। ইহার কারণ বিশাস, ব্যতীত উপায় নাই, কিন্তু স্থামরা সকলে দেখিতেছি যে, পিতামাতা ব্যতীত সম্ভান-সম্ভূতি হয় না, 'তাহলে কেননা উঁহাদের পূর্ববপুরুষ জিজ্ঞাসা করিতে পারিক।

বোক্চাঁদ। জিজ্ঞাসা করিলে তারপর তারপর করিয়া অনস্তকাল ঘুরিবে। আমি পূর্বের বলিয়াছি, একটা ঠিক না ধরিলে সবিই অঠিক হয়। আরও দেখ, ভুমি বল দেখি, জ্রন জানিতে পারে যে অমুক আমার পিতামাতা।

जुष् जुष्ठि । न।

বোক্চাঁদ। তবে কেন ওকথ। জ্বিজ্ঞাসা কর।

ভুড়ভুড়ি দা। বড় হ**ইলে জানিতে পারে যে, অ**মুক শা আমার পিতামাতা।

বোক্চাঁদ । বড় হইলে জানিতে পারে যে, অমুক আমার পিতামাতা, কিন্তু দে না হইড়ে পারে, তৃত্রাচ তাহাদিগকে পিতা মাতা বলিবে কিনা!

जूष्जुष्ठि । अवगा।

বোক চাঁদ। বেমন জ্রণ,জানিল না যে, কে তার- পিঙা মাতা, এবং বড় ছইয়াও প্রকৃত পিতামাতাকেও পিতামাতা বুলিল না, বিবাহের পিতামাতা যে, তাহাকেই পিতামাতা বলিল। কিন্তু এইটা ঠিক যে, বিনা পিতামাতা সে জন্মগ্রহণ করে নাই। এইটাই সে দেখিয়া, শুনিয়া, পড়িয়া, ঠিক জানিল। বিনা প্রকৃতি-পুরুষ এই জগৎ নয়, ইহা ঠিক হইল। কিন্তু প্রকৃতি-পুরুষ না বলিয়া সম্প্রদান্ন অনুসারে যে যাহা বল, ভাতে কোন ক্ষতি নাই। কিন্তু বিবাহের পিতামাতাকৈ যেমন মাতাপিতা বলিতে হয়, মে জন্ম দিগ্, আর না দিগ্, তেমনি সম্প্রদায় অমুসারে পিতামাতা বলা উচিত। অন্য সম্প্রদায়ের পিতামাতাকে পিতাপিতা বলা উচিত নয় ?

जूज्जुजिहाँ । जनगा। रवाक् हाँ न। विकास कि इया?

ভুড্ভুড়িচ'দ। সমাজে বেশাপুত্র বলে 1

বোক্চ দি। তবে কাহারও উচিত নয় যে, নিজ সম্প্রীনা-শ্বের প্রকৃতি-পুরুষ ব্যতীত অন্য সম্প্রদায়ের প্রকৃতি-পুরুষকে মাতাপিতা বলে।

चू फ् जू फ़ि हाँ मा । ना।

বোক্চাদ। সকলকার গোড়া যে এক, ইহা জানিতে পারিলে এবং বিনা মাতা পিতা জ্ম হয় না, ইহাও যে ঠিক, ইহাও জানিতে পারিলে। কিন্তু জ্বণ স্বাবহাতে জানিতে পারে না । বড় হইয়া জানিতে পারে। সেই রকম দেখিয়া, শুনিয়া পড়িয়া, জ্ঞানী ইইলে জানিতে পারে যে, এই জগৎ প্রকৃতি পুরুষ হইতে ইয়। মহাজনেরা মোটা দর্শন দিয়া মাধা ঘামাইয়া ফুক্ম দর্শনে যায়। প্রতিদিন মানরের জ্মা, হিতি, ও মৃত্যু দেখিয়া, জগতের স্বিটি, স্থিতি, প্রলয়, ঠিক করিয়াছেন। যেনন প্রত্যা প্রতিক ক্ষম্ব প্রথান বলিয়া, একেবারে স্ব

জগতের নাশ এক সঙ্গে হয় না! ইহার কারণ প্রলয়ে প্রকৃতিতে অব্যক্তভাবে থাকে। ইচ্ছা হইলেই পুন: ব্যক্ত হয়। ভুড় ভুড়িচাঁদ। তারপর।

বোক্চাঁদ।, হর ইচ্ছা করিল যে, আমি বহু খইব, অর্থাৎ সস্তান উৎপাদন করিব। গৌরীও ইচ্ছা করিল, আমি ধারণ করিব। গৌরীর উদরে শৃঙ্গার পরশ্বে ঋতুর সংযোগে জীব জন্ম হরের ঔরদে। প্রথমে জ্ঞানেন্দ্রিয়, তারপরে কর্ম্মেন্দ্রিয়, তারপর চৈত্ত। একাদশতর আর ক্ছুই নঁয়, একাদশ মাস ব্যতীত ৷ সপ্তমমাসে জীব উদরে পূর্ণাবস্থা পার, .কিস্তু 🗸 দশমাস হইতে একাদশ মাসের ভিতর ভূমিষ্ঠ হয়। হরপৌরী প্রকৃতিতত্ত্ব, আমি বহু হইব ও সঙ্গদ—মহতত্ত্ব ও অহকার-ছত্ব। আকাশৃ, মক়ত, তেজ, অপ্, ক্ষিতি, কর্ণ, ত্বক্, চক্ষু, জিহবা, নাসিকা। পঞ্চভূতের ও পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের গুণ এক। শব্দ, স্পর্শ, রূপ, রুফ, গন্ধ, মন—চৈতন্ত। বিদর্গ, শিল্প, গতি, উক্তি, কর্ম। গুহ, লিঙ্ক, পাণি, পাদ, বাক্ এই চতু-র্কিংশতি তত্ত।

ভুড়ুভুড়িটাদ। সাধিক, রাজসিক ও তামসিক এই তিনটী কই।

বোক্চাঁন। বায়, পিত্ত ও কফ।

ু ভূত্ভূড়িচাদ। আচ্ছা, তিনি আদিতে জলে শয়ন করে থাকেন, তোমার তা কই ?

(वाक्ठाँष। (कन शर्खांषक।

ভুড় ভুড়িচাদ। তী বলো যদি—তা হলে ধরা ও মেরু ও জ লল কই ?

বোক্টাদ। জরায়, মেরুদও ও শরীরের চুল 🕽

ভুড় ভুড়িচাঁদ। সমস্ত জগৎতো প্রকৃতির অনুগ্রহৈ আছে, জ্রণ কার অনুগ্রহে থাকে?

বোক্চাঁদ। মা গোরীর অনুগ্রহে, তাঁর রসে বার্ড় দিনে দিনে।

শুড় ভুড়িচাঁদ। মার রস সে পার কি করে ?
বাক্টাদ। নাভির নাড়ীর সহিত মায়ের সংযোগ হেতৃ ।
ইহার কারণ, সন্তানসন্ততি ভূমিষ্ঠ হইলে শীঘ্র নাড়ী ছেদন
নিষেধ। যদি মৃতবং ভূমিষ্ঠ হয়, মায়ের রক্ত সঞ্চালনের ঘারায় '
অনেকস্থলে জীবিত হয়। কিন্তু নাড়ীছেদ করিলে আর উপায়
থাকে না। আবার যদি মা মৃতবং ইয়, শীঘ্র নাড়ীচ্ছেদন
বিধেয়। তা নাহলে মায়ের মৃত্যুতে শিশুর মৃত্যু সম্ভবপর'।

ভুড় ভুড়িচাঁদ। নাড়ীচেছদনের পর আর মাতাও শিশুর পরস্পর সম্পর্ক নাই।

বোক্টাদ। না, যদি থাকিত তাহা হইলে মায়ের মৃত্যুতে ।
শিশুর মৃত্যু হইত, মায়ের ব্যারামে শিশু রোগগ্রন্ত হইত,
মারের অন্নাভাবে শিশুর তলাভার হইত। মায়ের ১ইটিট লাগিলে শিশুর লাগিত। এই রকম শিশুর অবস্থাতে ও মায়ের

অবস্থাতে পরস্পর আক্রান্ত হয় না। প্রকৃতি পুরুষ হইতে একবার খালিত হইলে, আর এক মোটাতে থাকে না। স্ক্রেম চিরকালই আছে। সংস্ত এক বলা পাগলামি বই আর কিছুই নয়।

ভুড় ছুড়িচাঁদ। শিশু জ্মিবামাত্রই কেন অন্ন চার।
বোক্টাদ। অন্ন হইতে জ্মিরাছে ইহার কারণ অন্ন চার।
ভুড় ছুড়িচাঁদ। কি করে অন্ন হইতে জ্মিল, ভুমি বল
দেখি?

বোক্চাদ্। সূর্য্য রশ্মিলারা জল আকর্ষণ করিয়া, জলকে নিম্ররপে পরিণত করে। মরুত তাহা স্বভাবসিদ্ধ শুণে ভগ্ন করে। ক্ষিতি শ্বর্শাগুণে গ্রহণ করে, চন্দ্র রশ্মিরপে অকাতরে অসদান করে, এইরপে অল প্রস্তুত হয়। অম জন্তর জীবন ধারণ ও বীজের কারণ। বীজ যোনিক্ষেত্রে ভূত উৎপাদন করে।

নদেরটাদ। ওহে ভূড়্ভুড়িটাদ! তুমি আজ , অনেক বোক্টাদকে বকিয়েছ। আজ থাক, আর একদিন ২বে।

বোক্টাদ। হওয়া হওয়ের পালা হয়ে সেছে, এখন লওয়া লওয়ের পালা পড়েছে। ভুড়ভুড়িচাঁদ। হজমীগুলি দিয়ে, আর বেওয়রিশ গেরুয়া কাপড় পরে, নাবালক নাবালিকাদের মর্ত্তে থেকে আর স্বর্গে পাঠিও না। তারা গোবেচারা, তা না হলে রোজ অবতার গড়ে, আর ভাঙ্কে। দেখ না,—মা, বাপ,

- ভাই, ভাগনী, কুট্র ও প্রতিবাসীকে অন্ধ না দিয়ে ন্যাসভাল, বিফর্মার ও গ্রেটম্যান ইছে। তুমি ভাষা শিখেছ, সেইজ্লান্তই বল্ছি। কি জানি, তুমি না অবতার ইও। ভাসা ন্যাবালক ও নাবালিকাদের গুরু হওয়া অংশ্চর্ব্য কি ? ফখন তারা এটা বুফে না যে, গুরু আমাদের মুখ দিয়ে রক্ত উঠা কড়ি, কিফা বাপ দাদার সঞ্চিত কড়ি নিয়ে মঁছা লোটে, আর তারা হেলায় সেই পয়সা দিয়ে পদসেবা করে। বোধ হয়, তাদের জয়ই পদসেবা করিবার জল্ভে। তা না হলে, হাজার বল, কিছুতেই তিলে, না ও দোলে না। গাধা সব কর্তে, গারে, খালি ভাতের কাঠিটি বইতে পারে, না। ভুড়ভুড়ি! যদি তোমান্ধ বেতের ভয় থাকে, তা হলে কিছুদিনের জয়্ভ আর এ মজালুট না।
 - . ভুড্ভুড়িছাঁদ। বৈতের ভয় কি বোক্চাঁদ ? বোক্চাঁদ। তুমি জান না। তবে আহি-মার গল্প বলি শুন, একজন যমের ঘর থেকে ফিরে. এসেছিল, তার প্রতিবেশীরা তাকে জিজ্ঞাসাঁ কর্লে,—কিরে গোবেচারা, তুই মরে গেছ্লি ফিরে এলি কি করে ?
- েগাবেচারা বলিল,—যম সিংহাসনে বসে আছে, আমার বমের সাম্নে যমদূতেরা নিয়ে গেল, চিত্রগুপ্ত যমের পার্শ্বে বসে থাতা উল্টাচেছ। চিত্রগুপ্ত থাতা উল্টে দেখে বল্তে আগ্লো—যমরাল! গোবেচারা প্রকৃত গোবেচারা। এ

কিছুই জানে না; খালি পরের কথাতে চলে, সমাজের অনিষ্ঠ করেছে, আর নিজে ভাষা শিখে খুব বাহাঁচুরী নিয়েছে।

যমরাজ্ বলিল,—দেখ চিত্রগুপ্ত! তুমি যা বল্লে তা ঠিক; কিন্তু সাম্বতো—পশু নয়তো। আবার ভাষাতে বাহাতুরী পিয়েছে—তা কোষে ওকে পাঁচবেত দাও, তা হলেই বাহাতুরী টের পাওয়া যাবে। তুই চারি যা বেত পড়তেই আমি সইতে না পেরে, বল্লুম,—ধর্ম অবতার! আমি কিছুই জানি না, অমুক লোকটা আমায় ভুলিয়ে আমার সর্বনাশটা করেছে। আমি ভাষা জান্তুম, কিন্তু আমি ভাষা ছিলুম।

্যমরাজ বলিল,—কে তোর সর্বনাশ করেছে ?
গোবেচারা বলিল—''ন্যাসন্যাল রিফর্মার"—গ্রেটম্যান—
অবতার।

ধ্মরাজ বেগে চিত্রগুপ্তকে বলিল,— বলাও ওকো। তৎকণাৎ পিছমোড়া করে বৈঁধে রুলের গুঁতো দিতে দিতে নিয়ে
এলো। অমনি যমরাজ আমায়,জিজ্ঞাসা করিল,—কিরে এই
লোক তোকে মজিয়েছিল।

গোবেচারা বলিল-আজ্ঞা হাা।

অমনি সপাসপ বৈত পড়তে লাগ্লো, আর সে বাপরে— মা-রে—গৈলু্মব্যে—বলে চীৎকার কর্তে লাগ্লো। এমন সময় আর একজন এলো, আমি হাত জোড় করে দাঁড়িয়ে আছি—চিত্রগুপ্ত অনেক খাতার পাত উল্টে উল্টে যমরা জকে বলিতে লাগিল,—যমরাজ এ লোকটা বড় ৰদমাইস, বোকা, মূর্থ কিন্তু সমজিধর্ম ঠিক রেখেছে। সমাজধ্রের উপর কিছু ভাষা চালায় নাই। এইজত্যৈ এলোকটাকে ভাসা বলে বোধ হয় না। আর মর্বার সময় এঁড়ে গ্রু বামুনকে দান করেছে।

যমরাজ তাকে জিজ্ঞানা করিল—কিরে তুই আগে পুণ্য না পাপভোগ কর্বি ? জোর পাপই সব, কিন্তু শৈষকালে একটু পুণ্য আছে। তার তোর যা ইচ্ছে তাই বল।

সে লোকটা বলিল,—যখন আমার পাপই স্বুব, তখন আগে
 পুণ্যভোগ কর্বো।

যমরাজ বলিল,—'তোর যা এঁড়ে আছে, চিবিশে ঘণ্টার জন্যে তোর ছকুমে রহিল, তুই যা বল্বি, ও তাই কর্বে।. ব

- সে লোকটা যমরাজকে জিজ্ঞাস। করিল,—আমি যা ধল্ব, তামার এঁড়ে গরু তাই কর্বে ?
- যমরাজ উত্তর করিল,—হাঁ, তুই যা বল্বি তোর ওাঁড়ে তাই,কর্থে। • এমন সম্য়ে এঁড়ে সিং নেড়েনেড়ে তার কাছে এসে উপস্থিত হল।
- ্বমরাজ বলিল, এই তোর এঁড়ে, তোর যা ইচ্ছে তাই কর। সেই লোকটা কিছুক্ষণ চুপ করে থেকে, এঁড়েকে হুকুম করিল,—এঁড়ে, দে ছই সিং ছজনার মার্গে। এঁড়ে যেমনি মাইল, যমরাজ ও চিত্রগ্রগু ভোঁ ভোঁ দৌড় দিল, এঁড়েও

পিছনে পিছনে দৌড়িল। লোকটা এব মধ্যে কট্পট্ ষম-রাজের সিংহাসনে বসিল। বসিরাই তকুম বাহির করিল— যত কয়েদি আহৈ, বেকসুর খালাস। বেকস্ব খালাস।! বেক-স্বর খালাস !!!

ভাই আমি যমের ঘর থেকে ফিরে এলুম।"

দেখ, ভুড় ভূড়িচাঁদ! একটাতেই সপাসপ, যতজনকে মজাবে, ততই সপাসপ বাড় বে। তাই বলি ও সবে যেও না, পুরশি বাপ দাদাদের যা আছে, তাই রেশে পেটের কাজটা করে লও। শাথার কাওতো দেখ্লে, মাথা থাকিলেঁ দেখাওঁ সুখু।

নদেরচাঁদ। আর ফাজলামি করে কাজ নাই, চল বাড়ী বিধেওয়া যাক্।

'दिय योत्र च च वाड़ीएड रागन--- नरमत्रहीं मंख व्यवसद नहें न।

পঞ্চম পরিচেছদ।

হরিরাম ও শিবরাম।

হরিরাম। বর্ণ ও আশ্রেম কি?

শিবরাম। তুমি জান না, বর্ণ ও আশ্রম কি? তবে কণি শুন! ভারতবর্ষে আগে খালি কালবর্ণ ছিল। ইহাদের

নির্দ্ধিট কোন ধর বাটী ছিল না জঙ্গলে পশুবধ করিয়া জাবিকানির্বাহ করিত, সাধ কি তাহা জানিত না। কিছুকাল এইরকম করিবার পর, তাহারা জর্গলে আগুন দিয়া বীজ ছড়াইত্তে শিগিল। যথন দেখিল, প্রচুর শস্ত হুঁর, তথন এই কার্য্য ফুরু করিল। জঙ্গল পুড়িয়া অভিশয় উৎকৃষ্ট সার হয়, ছুই তিন বংসর বিনা, পরিতামে খুব ফসল পাওয়া যায়। আবার চুই তিন বৎসর পতিত রাখিলে, বরাবর সমান ফলে। ইহার কারণ জঙ্গুলবাদার। একস্থানে বাদ করে না। ব্যথন শুলোক বেশী হইল, তথন উহাদিগের ভিতর যে বলিষ্ঠ হইল, সেই সর্দার হইল। এই সর্দার সভা হইলেই রাজা বলিয়া কথিত হয়। ক্রমে জনমে উন্নতি হইতে লাণিল এবং উহার সহিত অল্তশস্ত্ও বাড়িল। অন্যের ভয় হইতে পরিত্রাণ পাই-ঝার নিমিত্ত তুর্গ হইতে লাগিল। শীতাদি প্রতিকার করিবার নিমিতৃ• গৃহাদি হইল। কিছুকালের °পর জীবিক।নির্ববাহের কারণ কৃষি ও বাণিজ্য চলিল। বেনের পুত্র পৃথু ইইতে পৃঞ্জিল কর্ষণ স্থাক হাইল, যাহা তিনি হরের নিকট হইতে শিক্ষালাভ করিয়াছিলেন। ই হার প্রপৌত্ত প্রাচীনবর্ষী ·প্রাচীনবর্ষ বিষয়াচলে স্থাপন করেন[া] •ইহারা বিষয়াচল-वांनी बिलया कथिछ दय। देशामत विवाद नैमूजवांनी एमत সক্তে হইত। প্রাচীনবর্ষবাদীরা বছকাল বিক্ষাচলে রাজা •করিয়াছিল, কতদিন ইহা নিরাকরণ করা যায় না। ইহাদ্র

সময় মৃতদৈহ দাহ করিত না, মাটাতে পুতিরা কেলিত। কিন্তু অবস্থা-খারাপ থাকিলে ফেলিয়া দিত । হর আসিয়া দাহকার্য্য সুক্র করের, এবং তিনি দক্ষরাজার কন্যা গোরীকে বিবাহ করিয়াছিলেন। হর ও ক্শাপ এক কি না ইহা সন্দেহ। পূর্বের গোরীনদী ইদানীম্ অক্সাস্ বলিয়া কণিত হয়। কশ্যপ কাশ্মীর স্থাপন করেন, কশ্যপ খেত ছিলেন। কাশ্মীর হিমালরের অন্তর্গত, সপ্তর্বির ভিতর একজন কশ্যপ হন। যথা,—কশ্যপ, অত্রে, অঙ্গিরা, পুলস্তা, পুলহ, ক্রেডু, ভৃগু।

মরীচির পুত্র কশ্যপ হন। আবার কোন পুস্তকে কশ্যপের পুত্র মরীচি। বংশের ও কাষ্যের গোলমালের দরণ কিছুই ঠিক করিবার পথ নাই, নানাপুস্তকে নানারকম কথিত হয়। ইর প্রথমে শৈনধর্ম প্রচার করেন। মহর্ষি কপিল, হরের মতকে সাংখ্যদর্শন লিখিয়া, স্থাপন করেন। শিবছর্গা একটী আইডিয়েল নাম বোধ হয়, যেমন প্রকৃতিপুরুষ। হরগোরী হইতে এই আইডিয়েল নাম আসিয়াছে, কতদূর যুক্তিসিদ্ধ, তাহা যুক্তির ছারায় ঠিক করা বোধ হয়, অযুক্তিকর নয়।

মহর্ষি দতাতের শিবনামের আরও জাহির করেন। ইঁহার জবধৃত গীতাই আদর্শস্বরূপ। তিনি কার্ত্তবীর্ঘ্যার্জ্জুনের গুরু ছিলেন, কার্ত্তবীর্ঘ্যার্জ্জুন সগরের পিতা বাহুকে পরাস্ত করিয়া রামচক্রবর্তী হল। তিনি পরশুরামের পিতাকে হত করিয়াছিলেন, ইহার কারন, পরশুরাম কার্ত্তবীর্ঘার্জ্জুনকে ও অন্ত ক্ষত্রিয়গণকে এতা হত করিয়াছিলেন যে, উহাদিগের রক্ততে নদী হইয়াছিল, এবং তিনি ঐ রক্তনদী হইতে রক্ত লইয়া পিতৃতপণি করিয়াছিলেন। ভারতবর্ষে যত দর্শন আছে,— সকল দ্বর্শনের পূর্বে সাংখ্যদর্শন, এবং ইহার প্রণেতা মহর্ষি কপিলমূনি হন। মহর্ষি বশিষ্ঠ হরের নিকট হইতে গুপুনীতি শিক্ষা করিয়াছিলেন, ফাহা তিনি তাঁহার প্রিয়শিষ্য শ্রীরামচন্দ্রকে শিক্ষা দিয়াছিলেন, এবং মহর্ষি বাল্মীকি যাঁহা যোগবাশিষ্ঠের নির্বাণশ্রন্থের পূর্বার্দ্ধতে ব্যক্ত করিয়াছেন।

হরিরীম। তুমি কি নানাকথা বল্ছো, বর্গ ও আশুম কি তাই বল না।

শিবরাম। একটা বল্তে গেলে ছই একটা পাগ্লামি কর্তে হয়। বর্ণ ও আশ্রম কি তা বলি শুন্ধ প্রথমে ব্র্থিও আশ্রম কিছুই ছিল না। পূর্বের যাহা বলিয়াছি, ঐ বর্ণ ও ঐ অ্লাশ্রমব্যতীত আর কিছুই ছিল না। খেত ও লালবর্ণের আগমনে ভারতে তিনবর্ণ হয়, কিন্তু তিনের অর্থাৎ খেতের, লাহলর, কালার, রোহী ও অবরোহী সংযোগে নানাবর্ণ হইয়াছে।

 হরিরাম। খেতের কথা বলিয়াছ, ⁹কিন্ত লালের ত বল নাই।•

শিবরাম। ইক্ষাকুও তাহার না ভাই, বিস্তুই হারাও কি শুপবংশ বলিয়া কুমিত হন।, ক্সপের ক্সা, সুম্ভীকে সগর বিবাহ করিয়াছিলেন। কতন্ত্র সঞ্চতপর, ইহা তুনিক ঠিক করিয়া লওন

হরিরাম । তারপর।

শিবরাম। 'তিনের রোহী ও অবরোহী খুব চলিল। যে গৃহে থাকিয়া গৃহকার্যা করিত, সে গৃহী হইত। যে যোগাভ্যাস ও বিদ্যাভ্যাস করিত, সে মুনিঋষি । হইত। যখন লালের। ভারতে রাজা হইলেন, তখন কালদের সহিত চলন্কম ছিল। কালরা জ্বরদন্তি হেতু যখন স্থবিধা পাইত, তখনই খেত ও লাল মেয়েনের উপর অত্যাচার করিত। ক্রমে ক্রমে শ্বেড ও লালেদের এত বেশী প্রভুত্ব হইল যে, কাল-পুরুষের দারায় খেতের ও লালের গর্ভে সন্তান জ্মিলে, চণ্ডাল বলিয়া কথিত ুঁহুইত। যখন বৰ্ণ ও আশ্রেম ছিল না, তখন স্বগোত্রে ও যে ৰৰ্ণে থুসী বিবাহ হইত। সূৰ্য্য ও চন্দ্ৰবংশ (অৰ্থাৎ রামায়ণ---মহাভারত) পড়িলে জানিতে পারিবে। আরে। পুর্বের বিবাহই ছিল না, খৈতকেতু হট্লতে বিবাহপ্রথা প্রচলম হয়। শৌনক হইতে বৰ্ণ ঠিক হইল, যাজ্ঞবল্ফ, হইতে আশ্রম ঠিক ্হইল। ে কখন কোনটা হইয়াছে, ইহা ঠিক বলিবার উপায় নাই, যথন সমস্ক পুস্তকে বর্ণ ও আশ্রম অনস্কুকাল আত্রে ৰলিয়া কথিত হয়। ইহার উপর কলম চালান আবু নিজের উপর দিয়া চারি স্বোড়ার গাড়ী চালান সমান, যখন কোন ্পুস্তকে সন ভারিখ নাই। গোড়া ধরিয়া কাগ্য চলে

না। সামাজিক ব্যবহাৰ ধরিয়া কার্য্য হয়। পূর্বের কানীন, ক্ষেত্ৰজ ও পোণ্ড পুত্ৰ সন্মাজে চলিভ, কিন্তু ইদানীং চলে না। পুত্রিকাপুত্র মাতামহের বিষয় লইলে মাতামহের নাম লইত ; কিন্তু আজকাল চলে না। বলুবিবাহ অর্থাৎ পলিগ্যামি— পলিত্রন্তি, চলিত, এখন পুরুষে চলিতেছে, কিন্তু মের্টেয়র পালা প্রায় শেষ হইয়াছে। তাক্ষণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র, এখন আলাহিদা আলাহিদা বর্ণ বলিয়া চলিতে হইবে, কারণ রেক্তার গাঁথুনি ইইয়াছে, শীঘ্র কেহই ভাঙ্গিতে পারিবে না। শ্লাশ্রমের বড়ই গোলমাল হইয়াছে, কারণ এখন ইইার মা রাপ নাই। যে ষে আশ্রম লইতে ইচ্ছা করে, সে সেই আ্শ্রম অনায়ানেই লইতে পাঁরে। মূর্থে স্বামী হইতে পারে, কিন্তু হরিরাম, তুঃখের বিষয় আজ প্রাস্ত বোদাই মুর্থ কেহ খুগুরী इहेर्डिश्रीतिल ना । °यंख्र वहेरलहे, याभीत पर्शृर्व दश्र। 'अति-ব্রাজ্ঞ শঙ্করাচার্য্যের আশ্রম নির্মটী ভ্রম্টরূপে চলিতেছে। দ্ভী, অক্ষচারী, যতি ও পরমহংস ইদানীং বড়ই প্রবল, যেমন সাম্বরত্ন, বৈদান্তবাপীশ, বিদ্যানিধি, তর্কালঙ্কার ইত্যাদি ব্রাহ্মণ-দিগের মধ্যে প্রবল্ব। গৃহস্থের বাটীতে ক্যেনও কার্ষ্ব্যোপলক্ষে - বাক্ষণের আহ্বান হইলে, পত্র বিদায়ের সময় যেমন্ বাক্ষণের নামের পিছনে একটা লম্বা চওড়া নাম পাওয়া যাঁয়, রস্থইয়া ও মড়িপোড়া যেই ইউক না কেন, তেমনি গেরুয়া পরিয়া ভিক্লো-• পজীবি হইলেই চণ্ডালু হউক না.কেন, একটা মুর্কটের কেজ.

